



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd



স্মারক নং-বেরোবি/রেজি:/গবেষণা/২০২০-২১/৮২৬

তারিখ: ৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বিভাগীয় প্রধান

.....

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের গবেষণা প্রকল্পের জন্য প্রস্তাবনা আহ্বান প্রসঙ্গে।

সূত্র: বিমক/বাজেট- ৩৭.০১.০০০০.০৫২.০৩.০০০.১৯/২২২১, তারিখ: ১৩-০৫-২০২০খ্রিঃ

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর শিক্ষকবৃন্দের গবেষণা কার্যে সহায়তা করার লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে গবেষণা মঞ্জুরী বাবদ (বাজেট কোড- ৩৬৩২১০৮) প্রাপ্ত অর্থ বরাদ্দ প্রদানের নিমিত্তে গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হচ্ছে।

গবেষণা প্রকল্পের প্রস্তাবনায় গবেষণা শিরোনাম, উদ্দেশ্য ও যৌক্তিকতা, গবেষণার মেয়াদকাল, প্রাক্কলিত বাজেট ব্যয়ের খাতসহ অন্যান্য বিষয়সমূহ উল্লেখ করতে হবে। নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে গবেষণা প্রকল্পসমূহ বিশ্ববিদ্যালয়ের 'গবেষণা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটি' কর্তৃক মূল্যায়নপূর্বক বিমকে প্রেরণ করা হবে। গবেষণা প্রকল্পের জন্য সর্বাধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ দেওয়া যেতে পারে। গবেষণা প্রকল্পসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত হলে পত্র মারফত জানানো হবে। গবেষণা প্রকল্প প্রস্তাবনাসমূহ আগামী ০৫ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে গবেষণা ও সম্প্রসারণ বিভাগে (কক্ষ নং-১২২, প্রশাসনিক ভবন) জমা প্রদান করতে হবে।

শর্তসমূহ:

- ১। গবেষণা প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়ার পর একটি সেমিনার প্রদান করতে হবে, সেমিনারে প্রাপ্ত মতামতসমূহ সংযোজনপূর্ব গবেষণা প্রকল্প প্রস্তাবনা চূড়ান্ত করতে হবে। গবেষণা ও সম্প্রসারণ বিভাগ সেমিনারটির আয়োজন করবে।
- ২। ইতিপূর্বে যে সকল গবেষক গবেষণার জন্য অর্থ গ্রহণ করেছেন তাঁদের সময় সাপেক্ষে ২০২০-২১ অর্থ বছরের অর্থ প্রদান করা হবে।
- ৩। ইউজিসি নির্দেশনা মোতাবেক চূড়ান্ত তালিকাভুক্ত গবেষক কে বরাদ্দকৃত অর্থ কিস্তিতে প্রদান করা হবে।
- ৪। প্রভাষক ও সহকারী অধ্যাপকবৃন্দের গবেষণা প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে একজন সুপারভাইজার থাকতে হবে। যা, গবেষণা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ধারিত হবে।
- ৫। জমাকৃত গবেষণাপত্রটি Turnitin সফটওয়্যারের মাধ্যমে Plagiarism check করা হবে এবং গবেষণাপত্রটিতে ৫% এর অধিক সাদৃশ্য থাকলে সেটি গ্রহণযোগ্য হবে না।

ধন্যবাদান্তে

২১/১০/২০২০

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অব.)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়):

১। ড্রেজারার মহোদয়, বেরোবি, রংপুর

২-৭। ডিন, কলা/সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি/জীব ও ভূ-বিজ্ঞান/বিজনেস স্টাডিজ অনুষদ, বেরোবি, রংপুর



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd



-
- ৮। পরিচালক, ড. ওয়াজেদ রিসার্চ ইনস্টিটিউট, বেরোবি, রংপুর
 - ৯। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়কে অবগতকরণের নিমিত্তে), বেরোবি, রংপুর
 - ১০। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপ-উপাচার্য মহোদয়কে অবগতকরণের নিমিত্তে), বেরোবি, রংপুর
 - ১১। আইসিটি সেল, বেরোবি, রংপুর (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে), বেরোবি, রংপুর
 - ১২। সংরক্ষণ নথি।